

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল
www.udd.gov.bd

তারিখ: ১২ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.০০২.৩৩.০০০৮.১৭.৩৯০

বিষয়: গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বিভিন্ন অঞ্চলে বাস-ট্রাক টার্মিনাল নির্মাণের নিমিত্তে জমি অধিগ্রহণ শীর্ষক” প্রকল্পের আওতায় টঙ্গী (অঞ্চল-০১) এ বাস ও ট্রাক টার্মিনালের জন্য জমি অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তর এর অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রত্যাশী সংস্থার স্মারক নং- ৪৬.১৯.০০০০.০১৮.১৪.৮৬৬.২২-১৩৯; তারিখ: ৯ মার্চ ২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বিভিন্ন অঞ্চলে বাস-ট্রাক টার্মিনাল নির্মাণের নিমিত্তে জমি অধিগ্রহণ শীর্ষক” প্রকল্পের আওতায় টঙ্গী (অঞ্চল-০১) এ বাস ও ট্রাক টার্মিনালের জন্য গাজীপুর জেলার টঙ্গী থানার দত্তপাড়া ও শিলমুন মৌজায় সর্বমোট ১৩.৩৩ একর জমি অধিগ্রহণের নিমিত্ত জমি অধিগ্রহণের আবেদনের প্রেক্ষিতে সংযুক্ত দাগসূচি ও নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি নির্দেশক্রমে প্রদান করা হলো।

উল্লেখ্য, প্রস্তাবিত জমিতে কোন মসজিদ, মন্দির গীর্জা, কবরস্থান, স্কুল কলেজ, মাদ্রাসাসহ কোন ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান নাই।

শর্তাবলী

- (১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) উক্ত এলাকার পানির প্রবাহে কোনভাবেই যেন বাধা সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৩) গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।


উল্লেখ্য যে, এই অনাপত্তি গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তিঃ

০১. সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন
০২. প্রস্তাবিত জমির দাগসূচি

সকল সংযুক্তিসমূহ:

- (১) জমির তফশিল
- (২) সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন



২৮-১০-২০২৫
আহমেদ আখতারজ্জামান
সিনিয়র প্ল্যানার
২২৩৩৮৪৯৩১
akhtar_udd@yahoo.com

প্রকল্প পরিচালক, “গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বিভিন্ন অঞ্চলে বাস- ট্রাক টার্মিনাল নির্মাণের নিমিত্তে জমি অধিগ্রহণ” প্রকল্প, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর

।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.০০২.৩৩.০০০৮.১৭.৩৯০/১ (৬)

তারিখ: ১২ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ২। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৩। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৪। প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৫। সহকারী প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।



২৮-১০-২০২৫
মোঃ সাইফুর রহমান
প্ল্যানার